সম্বন্ধেই শোভাশালিনী হয়, তেমনই আমাদের বাক্যসমূহও যদি তোমার চরণের দ্বারা শোভাশালী হয়, তোমার গুণরাশির দ্বারা যদি আমাদের কর্ণরন্ধ্র পূর্ণতা প্রাপ্ত হয় ; এস্থলের অভিপ্রায় এই যে - কর্ণ আকাশ স্বরূপ। তোমার গুণসমূহও অমূর্ত্ত, অতএব গুণ শ্রবণে কর্ণের পূর্ত্তি কোন প্রকারেই সম্ভব হইতে পারে না। তাহা হইলে নিত্যই শ্রবণসিদ্ধ হইবে—এই অভিপ্রায়েই কর্ণরন্ধ্র পূর্ত্তির কথা প্রার্থনা করিয়াছেন। শ্রীমদ্ভাগবত ৩।১৫।৪৯ ॥ ২৬৬ ॥

অথ গুণকীর্ত্তনম্—ইদং হি পুংসস্তপসঃ শ্রুতস্য বা, স্বিষ্টস্য সূক্তস্য চ বুদ্ধদত্তয়োঃ। অবিচ্যুতোঽর্থঃ কবিভির্নিরূপিতো যদুত্তমঃ—শ্লোকগুণানুবর্ণনম্ ॥ ২৬৭ ॥

শ্রুতং বেদাধ্যয়নম্। স্বিষ্টং যাগাদি। সূক্তং মন্ত্রাদিজপঃ। বুদ্ধং শাস্ত্রীয়বোধঃ। দত্তং দানম্। এতেষাং ভগবদর্পিতানাং সতামেবাবিচ্যুতোঽর্থঃ নিত্যং ফলং। কিং তৎ ? উত্তমঃশ্লোকস্যগুণানুবর্ণনং যৎ। জাতায়ামপি গুণানুবর্ণনসাধ্যায়াং পরম-পুরুষার্থরূপায়াং রতৌ গুণানুবর্ণনস্য প্রত্যুত নিত্য-নিত্যোল্লাসাৎ অবিচ্যুতত্বমুক্তম্। তস্মাদবিচ্যুতত্বেন রতিমেবাস্য ফলং সূচয়তি ॥ ।১৫ ॥ শ্রীনারদঃ শ্রীব্যাসম্ ॥ ২৬৭ ॥

অনন্তর গুণ-কীর্ত্তন, যথা - শ্রীমদ্ভাগবত ১।৫।২২ শ্লোকে শ্রীপাদ দেবর্ষি নারদ শ্রীকৃষ্ণদ্বৈপায়নকে কহিলেন—"হে মুনীন্দ্র! মানবের ভগবদর্পিত তপস্যার, বেদ-অধ্যয়নের, যজ্ঞাদি সদনুষ্ঠানের, মন্ত্রাদি জপের, শাস্ত্রীয় জ্ঞানের, সৎপাত্রে দানের উত্তমঃশ্লোক শ্রীকৃষ্ণের গুণরাশির নিয়ত কীর্ত্তনই নিত্য মুখ্যফল। এই সকল ভবদর্পিত সাধনের সাধ্য ভগবদ্‌গুণানুবর্ণন। সেই গুণানুবর্ণন করিতে করিতে পরম পুরুষার্থরূপ রতির উদয় হইলে নিত্য নিত্য-গুণানুবর্ণনের উল্লাস প্রকাশ পাইলেই অবিচ্যুত পুরুষার্থ হইয়া থাকে। অতএব অবিচ্যুত বিশেষণ উল্লেখ করিয়া ভগবদ্‌গুণানুবাদকে নিখিল সাধনের মুখ্যফল বলিয়া সূচনা করা হইয়াছে ॥ ২৬৭ ॥

অথ লীলাকীর্ত্তনম্—শৃণ্বতঃ শ্রদ্ধয়া নিত্যং গৃণতশ্চ স্বচেষ্টিতম্। কালেন নাতি-দীর্ঘেণ ভগবান্ বিশতে হৃদি ॥ ২৬৮ ॥

নাতিদীর্ঘেণ স্বল্পেনৈব। বিশতে স্ফুরতি ॥ ২।৮ ॥ শ্রীপরীক্ষিৎ ॥ ২৬৮ ॥

অনন্তর লীলা-কীর্ত্তন—শ্রীমদ্ভাগবতে ২।৮।৩ শ্লোকে শ্রীপরীক্ষিৎ মহারাজ শ্রীশুকমুনিকে কহিলেন—"হে প্রভো! শ্রদ্ধাপূর্ব্বক নিত্য শ্রীভগবানের লীলা-কীর্ত্তন শ্রবণকারীর হৃদয়ে ভগবান শ্রীহরি অল্পকাল মধ্যেই স্ফূর্ত্তিপ্রাপ্ত হইয়া থাকেন ॥ ২৬৮ ॥

তথা—মৃষা গিরস্তা হ্যসতীরসৎকথা ন কথ্যতে যদ্ ভগবানধোক্ষজঃ। তদেব সত্যং তদুহৈব মঙ্গলং তদেব পুণ্যং ভগবদ্‌গুণোদয়মিত্যাদি যদুত্তমঃশ্লোকযশোঽনুগীয়তে ইত্যন্তম্ ॥ ২৬৯ ॥